

বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন
আদায় বিভাগ, সদর দফতর, ঢাকা।

সার্কুলার নম্বর-০০৩.৭.২০১৪

তারিখঃ ২৯.১০.২০১৪খ্রি.
৩০

বিষয়ঃ ঋণ হিসাব চূড়ান্ত নিষ্পত্তির পর দলিল পত্রাদি ফেরত প্রদান সংক্রান্ত।

১৪.০৬.২০১২খ্রিঃ তারিখে জারিকৃত ০০৪.০৩.২০১২ নম্বর সার্কুলারে চূড়ান্ত নিষ্পত্তিকৃত ঋণ হিসাব অডিটকরণ ও দলিল ফেরত প্রসঙ্গে সুস্পষ্ট নির্দেশনা প্রদান করা হয়েছিল। ইহা সত্ত্বেও প্রায়-ই লক্ষ্য করা যায় কর্পোরেশন এর ঋণ গ্রহীতা কর্তৃক সমুদয় পাওনা পরিশোধ করার পর সংশ্লিষ্ট ঋণ হিসাব (হিসাবসমূহ) যথাসময়ে নিষ্পত্তি/ক্লোজ করা হয় না এবং সম্মানিত ঋণ গ্রহীতার দলিল-পত্রাদি ফেরত প্রদানে হররানি/বিলম্ব ঘটে, যা কোন অবস্থাতে-ই কাম্য নয়। বর্ণিত সার্কুলারের নির্দেশনা যথাযথ অনুসরণ এবং গ্রাহকের ঋণ হিসাব চূড়ান্ত নিষ্পত্তির পর দলিলপত্র ফেরতের জন্য পুনরায় নিম্নরূপ নির্দেশনা দেয়া হলঃ

১. সম্মানিত ঋণ গ্রহীতা কর্তৃক নিয়মিতভাবে তার ঋণ কেইসের বিপরীতে সমুদয় পাওনা পরিশোধ করা হলে এবং কোন আইনী সমস্যা না থাকলে যথানিয়মে প্রয়োজনীয় হিসাবায়ন, পরীক্ষা ও অডিটান্তে সর্বোচ্চ ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে সংশ্লিষ্ট ঋণ গ্রহীতাকে তার দলিলপত্র ফেরত প্রদান নিশ্চিত করতে হবে।
২. ঋণের সমুদয় পাওনা পরিশোধ হওয়া সত্ত্বেও যৌক্তিক কারণ ব্যতিরেকে (মামলাজনিত কারণ, মূল ঋণ গ্রহীতার মৃত্যুর কারণে ওয়ারিশজনিত সমস্যা, ইত্যাদি) সংশ্লিষ্ট ঋণ গ্রহীতাকে নির্ধারিত সময়ের মধ্যে তার দলিলপত্র ফেরত প্রদানের ক্ষেত্রে কোন কর্মকর্তা/কর্মচারীর অবহেলা/গাফিলতি পরিলক্ষিত হলে তার বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করতে হবে।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে অত্র সার্কুলার জারি করা হল, যা অবিলম্বে কার্যকর হবে।

(আফরোজা গুল নাহার)
মহাব্যবস্থাপক (অপারেশন)
(অতিঃ দায়িত্ব)

নম্বরঃ এইচবি/এইচও/আরডি/২১১(অংশ-৫)/ ৬৩৭৭ (৪৫)

তারিখঃ ২৯.১০.২০১৪খ্রি.
৩০

- কার্যকরী ব্যবস্থা গ্রহণার্থে অনুলিপিঃ
- ১। উপ-মহাব্যবস্থাপক(সকল),....., বিএইচবিএফসি, সদর দফতর, ঢাকা।
 - ২। জোনাল ম্যানেজার, বিএইচবিএফসি (সকল),.....
 - ৩। রিজিওনাল ম্যানেজার, বিএইচবিএফসি (সকল),.....
 - ৪। সিস্টেম এনালিস্ট, বিএইচবিএফসি, কম্পিউটার ও তথ্য বিভাগ, সদর দফতর, ঢাকা।

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

- ১। মহাব্যবস্থাপক, বিএইচবিএফসি, সদর দফতর, ঢাকা।
- ২। ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিএইচবিএফসি, সদর দফতর, ঢাকা।
- ৩। অফিস কপি।

উপ-মহাব্যবস্থাপক (আদায়)